

ঢাকা ওয়াসা

- ১) ২০২৪-২৫ অর্থ-বছরের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার কপি।
- ২) অভিযোগ কেন্দ্রে দায়িত্ব পালনকারী কর্মকর্তা ও কর্মচারীদের নামের তালিকা।
- ৩) প্রাক্কলন।


বিষয় : পবিত্র রমজান মাসে মডস জোন-৩ এর অভিযোগ কেন্দ্রে দায়িত্ব পালনকারী কর্মকর্তা/কর্মচারী ইফতারীর খরচ (৩য় ৯দিন) অনুমোদন প্রসংগে।


১) সংযুক্ত ক্র:নং-১ থেকে ৩ দেখা যেতে পারে। পবিত্র রমজান মাসে অত্র জোনের অভিযোগ কেন্দ্রে দায়িত্বপ্রাপ্ত হেল্প-ডেস্ক এটেন্ডেন্ট, জরুরী পানি সরবরাহ কাজে নিয়োজিত পানির পাড়ীর ড্রাইভার, হেলপার, পানির লাইনের জরুরী রক্ষণাবেক্ষণ কাজের জন্য নিয়োজিত পাইপ লাইন মিস্ত্রি, মেইটেন্যান্স ভ্যান চালক এবং পয়ঃ লাইনের জরুরী অভিযোগ মোকাবেলা করার জন্য নিয়োজিত পরিচ্ছন্ন কর্মীসহ বিকাল শিফটে একজন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা অভিযোগ কেন্দ্রে ইফতারী করে থাকেন। প্রতিবছর তাদের প্রতিদিনের ইফতারীর ব্যয় অফিস হতে নির্বাহ করা হয়ে থাকে। সেই ধারাবাহিকতায় আসন্ন রমজানের ৩য় ৯(নয়) দিনের ইফতারীর ব্যয় নির্বাহের জন্য একটি হিসাব বিবরণী প্রস্তুত করা হয়েছে। এতে প্রয়োজনীয় টাকার পরিমাণ দাড়িয়েছে মোট=৳২২,৫০০/- (বাইশ হাজার পাঁচশত) টাকা মাত্র। আলোচ্য খরচ ২০২৪-২৫ অর্থবছরের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার “অফিস রক্ষণাবেক্ষণ” (কোড নং- ০১-০২-০১২) খাত এর ক্রমিক নং- B-1(2) হতে নির্বাহ করা যেতে পারে। কাজ শেষে ব্যয়কৃত টাকা ভাউচারের মাধ্যমে সমন্বয় করা হবে। বর্ণিত ব্যয় অনুমোদনের ক্ষমতা “প্রধান প্রকৌশলীর” মহোদয়ের আওতাধীন।


২। এমতাবস্থায়, উপরোক্ত বর্ণনার আলোকে, পবিত্র রমজান মাসে মডস জোন-৩ এর অভিযোগ কেন্দ্রে দায়িত্ব পালনকারী কর্মকর্তা/কর্মচারী ইফতারীর ব্যয় (৩য় ৯দিন) নির্বাহের জন্য নিম্নোক্ত প্রস্তাব সমূহ অনুমোদন করা যেতে পারে।


- ক) সর্বমোট উপস্থাপিত ৳২২,৫০০/- (বাইশ হাজার পাঁচশত) টাকা খরচের অনুমোদন,
- খ) পিপিআর-২০০৮ এর বিধি ৮১(১) অনুযায়ী সরাসরি নগদ ক্রয় পদ্ধতিতে (অস্থায়ী অগ্রিম হিসাবে) সম্পাদনের অনুমোদন এবং
- গ) আলোচ্য খরচ মডস জোন-৩ এর ২০২৪-২৫ অর্থ বছরের অনুমোদিত ক্রয়-পরিকল্পনার “অফিস রক্ষণাবেক্ষণ” (কোড নং- ০১-০২-০১২) খাত এর ক্রমিক নং- ক্রমিক নং- B-1(2) হতে নির্বাহ করার অনুমোদন।


উপর্যুক্ত প্রস্তাবসমূহ “প্রধান প্রকৌশলী” মহোদয় কর্তৃক সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হ’ল।


২০/০৩/২৫
মোস্তাক আহমেদ
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-৩
ঢাকা ওয়াসা



২০/০৩/২৫
মোঃ নজরুল ইসলাম খান
উপ-বিভাগীয় প্রকৌশলী
মডস জোন-৩, ঢাকা ওয়াসা।



২০.৩.২৫
জয়ন্ত সাহা
নির্বাহী প্রকৌশলী (চঃ দঃ)
মডস জোন-৩ ঢাকা ওয়াসা


SE, MODS Circle-3


২০/০৬/২৫
মোঃ ফিরোজ আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মডস সার্কেল-১, ঢাকা ওয়াসা।


C/E


২০/০৬/২৫
প্রকৌশলী মোঃ আব্দুস সালাম ব্যাপারী
প্ধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা


EE, Zone-3